

3 মার্চ, 2020

প্রিয় পরিবারবর্গ,

বিগত সপ্তাহান্তে, NYC ডিপার্টমেন্ট অভ হেলথ অ্যান্ড মেন্টাল হাইজিন নিউ ইয়র্ক সিটিতে নোভেল কোরোনা ভাইরাস (COVID-19)-এর প্রথম ঘটনাটি নিশ্চিত করেছে। যদিও আমরা সকলেই এই মুহূর্তটি যেন না আসে সেই কামনা করছিলাম, তারপরও সিটি এর জন্যে খুঁটিনাটির প্রতি যত্নশীল হয়ে প্রস্তুতি গ্রহণ করেছে। এই মুহূর্তে, সঠিক তথ্যগুলো শোনা এবং আতংকগ্রস্ত না হওয়া খুবই জরুরি। আমাদের প্রথম কেইস নিশ্চিত হওয়া সত্ত্বেও, নিউ ইয়র্কবাসীদের জন্যে এই ভাইরাসে আক্রান্ত হবার ঝুঁকি কম।

নিউ ইয়র্ক সিটির সকল শিক্ষার্থীর স্বাস্থ্য ও নিরাপত্তা অব্যাহতভাবে প্রথম প্রাধান্য হিসেবে বিবেচিত। আমরা পরিস্থিতি পর্যবেক্ষণ চালিয়ে যাবার পাশাপাশি, চার্টার স্কুলসহ, আমাদের স্কুল ভবনগুলোতে সুনির্দিষ্ট কিছু নিয়ম-নীতি বৃদ্ধি করছি এবং বাড়তি রিসোর্স (সহায়-সংস্থান) প্রদান করছি, এতে রয়েছে CDC-অনুমোদিত পরিষ্কার করার সামগ্রী প্রদান এবং সকল বাথরুমে অব্যাহতভাবে সাবান এবং কাগজের টাওয়েল মজুত নিশ্চিত করা। এছাড়াও আমরা সর্বশেষ তথ্য আমাদের ওয়েবসাইটে schools.nyc.gov/coronavirus প্রকাশ করছি।

মনে করিয়ে দিতে চাই যে, সকল নিউ ইয়র্কবাসীদের সাধারণ ভাইরাল সংক্রমণ প্রতিরোধের পদক্ষেপ নেয়া গুরুত্বপূর্ণ, এতে রয়েছে:

- আপনার কাশি বা হাঁচি একটি টিস্যু অথবা জামার হাতা দিয়ে ঢাকুন
- আপনার হাত নিয়মিত ধুয়ে ফেলুন
- আপনার মুখমন্ডল স্পর্শ করা থেকে বিরত থাকুন
- যারা অসুস্থ তাদের কাছাকাছি সংস্পর্শ থেকে বিরত থাকুন
- আপনার ফ্লু শট নিন – এটা গ্রহণে দেরি বলে কিছু নেই
- আপনি অসুস্থ অনুভূত হলে বাড়িতে থাকুন। আপনার ডাক্তারকে ফোন করুন এবং তাঁকে আপনার অসুস্থতার লক্ষণগুলো এবং ভ্রমণ ইতিহাস উল্লেখ করুন।

চার্টার স্কুলের নেতৃবৃন্দের কাছে সর্বশেষ তথ্য থাকার পাশাপাশি উথিত প্রশ্নের উত্তরে সহায়তা প্রদান নিশ্চিত করতে, আমরা তাদের সাথে যোগাযোগ রক্ষা করছি।

আরো তথ্যের জন্যে, অনুগ্রহ করে এই চিঠির সাথে সংযুক্ত [বহুল জিজ্ঞাসিত প্রশ্নাবলীর পৃষ্ঠাটি](https://schools.nyc.gov/coronavirus) পড়ুন (ইংরেজিতে দেয়া হয়েছে), অথবা গুরুত্বপূর্ণ সর্বশেষ তথ্যের জন্যে যেকোন সময় nyc.gov/coronavirus ভিজিট করুন।

বিনীত,



রিচার্ড এ. কারানজা (Richard A. Carranza)

চ্যান্সেলর

নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অভ এডুকেশন